



বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

ফোন : ৮৮০-২-৯৬৭৫০০২, ৯৬১২৯৯৭
ফ্যাক্স : ৮৮০-২-৮৬১০৪২০
Web : www.bncu.gov

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত্র, ঢাকা-১২০৫

তারিখঃ ০১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ও ইউনেস্কো'র সম্পর্কের ৫০ বছর উদযাপন উপলক্ষে ইউনেস্কো ঢাকা অফিসের সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) আয়োজিত আজ (বৃহস্পতিবার) স্থানীয় হোটেলে এক সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি বাংলাদেশ ও ইউনেস্কো'র মধ্যকার সম্পর্কে চমৎকার উল্লেখ করে বলেন, যুদ্ধ নয়, শান্তির জন্য শিক্ষাসহ মানবকল্যাণে ইউনেস্কো'র ভূমিকা অপরিসীম। তিনি আরও বলেন ইউনেস্কো বিশ্বব্যাপী ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি সংরক্ষণ এবং প্রযুক্তির বিকাশ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে জানান।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মো. আবু বকর ছিদ্দিক এর সভাপতিত্বে অনুষ্ঠানে সংস্কৃতি প্রতিমন্ত্রী জনাব কে. এম. খালিদ, প্রাথমিক ও গণ শিক্ষা প্রতিমন্ত্রী জনাব জাকির হোসেন, শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, ইউনেস্কো ঢাকা অফিসের অফিসার ইন-চার্জ মিড সুজান ভাইজ(Ms.Susan Vize) এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে উচ্চ পদস্থ সরকারি ও বেসরকারি কর্মকর্তা, ঢাকাস্থ জাতিসংঘ ও ইউনেস্কো'র কর্মকর্তাবৃন্দ, শিক্ষাবিদ, গণমাধ্যমকর্মী ও সুশীল সমাজের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমী কর্তৃক এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

(শায়লা রফিক লোপা)

প্রোগ্রাম অফিসার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১১৫২০১৪৬